গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৬.১৩২.২৪. ২৭২

তারিখ : ১৮/১০/১৪৩০ বঙ্গাব্দ।
০১/০২/২০২৪ খ্রিষ্টাব্দ।

**বিষয়:** **ভাষা শহিদ আব্দুল জব্বার, ঐতিহাসিক মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধাগণ, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং অন্যান্য আনসার বীর মুক্তিযোদ্ধা/তাঁদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান নীতিমালা-২০২৪।**

**সূত্র:** বাংলাদেশ আনসর ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৬.০৫৩.১৩-১৩, তারিখঃ ০৬/০১/২০১৪ খ্রি.।

১। **ভূমিকাঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জাতীয় সমাবেশে উপহার নীতিমালা-ভাষা শহিদ আব্দুল জব্বার, মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং অন্যান্য আনসার বীর মুক্তিযোদ্ধা/তাঁদের পরিবারকে সম্বর্ধনা প্রদানের নীতিমালা সূত্রপত্র মূলে জারি করা হয়েছে যা যুগোপযোগী করা প্রয়োজন।

২। **উদ্দেশ্যঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জাতীয় সমাবেশে ভাষা শহিদ আব্দুল জব্বার, ঐতিহাসিক মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধাগণ, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং আনসার বাহিনীর অন্যান্য বীর মুক্তিযোদ্ধা অথবা তাঁদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান সংক্রান্ত নীতিমালা যুগোপযোগীকরণ।

৩। **শিরোনামঃ** এই নীতিমালা 'ভাষা শহিদ আব্দুল জব্বার, ঐতিহাসিক মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধাগণ, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং আনসার বাহিনীর অন্যান্য বীর মুক্তিযোদ্ধা অথবা তাঁদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান নীতিমালা-২০২৪' নামে অভিহিত হবে।

৪। **সম্মাননা প্রাপ্তির প্রাধিকারঃ**

ক। জাতীয় সমাবেশের দিন ভাষা শহিদ আব্দুল জব্বার এর পরিবারঃ ভাষা শহিদ আব্দুল জব্বারের একমাত্র সন্তান সম্মাননা গ্রহণ করবেন। সন্তান উপস্থিত হতে অসমর্থ হলে তাঁর পক্ষে আগত প্রতিনিধি সম্মাননা গ্রহণ করতে পারবেন।

খ। আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধা সদস্যগণের মধ্যে ১৯৭১ সালের ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকারকে গার্ড অব অনার প্রদানকারী ১২ জন বীর মুক্তিযোদ্ধাঃ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা মৃত হলে বা আসতে অসমর্থ হলে তাঁর পক্ষে আগত প্রতিনিধি সম্মাননা গ্রহণ করতে পারবেন।

গ। মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য আনসার বাহিনীর খেতাবপ্রাপ্ত ০৩ জন বীর মুক্তিযোদ্ধাঃ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা মৃত হলে বা আসতে অসমর্থ হলে তাঁর পক্ষে আগত প্রতিনিধি সম্মাননা গ্রহণ করতে পারবেন।

ঘ। মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী আনসার বাহিনীর অন্যান্য বীর মুক্তিযোদ্ধাগণঃ বিভিন্ন রেঞ্জের তালিকাভুক্ত আনসার বীর মুক্তিযোদ্ধাগণের সংখ্যার উপর ভিত্তি করে নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রতি বছর সম্মাননা প্রদান করা হবে। সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা মৃত হলে বা আসতে অসমর্থ হলে তাঁর পক্ষে আগত প্রতিনিধি সম্মাননা গ্রহণ করতে পারবেন।

| ক্রমিক নং | রেঞ্জের নাম | আনসার বীর মুক্তিযোদ্ধা/পরিবার | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | |
| ২। | চট্টগ্রাম | ১ | |
| ৩। | রাজশাহী | ৫ | |
| ৪। | রংপুর | ৬ | |
| ৫। | খুলনা | ৭ | |
| ৬। | বরিশাল | ৩ | |
| ৭। | সিলেট | ২ | |
| ৮। | ময়মনসিংহ | ৩ | |
| ৯। | কুমিল্লা | ৬ | |
| | মোট | ৪০ জন | |

৫। **সম্মাননা গ্রহণকারী ব্যক্তি নির্বাচনঃ**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-মুবিম/প্রঃ৩/মুক্তিযোদ্ধা/গেজেট/২০০৩/৪৭৯ এ তালিকাভুক্ত ৬৯৬ (ছয়শত ছিয়ানব্বই) জন এবং বাংলাদেশ আনসার ও ভিডিপি সদর দপ্তর এর স্মারক নং আনসার-ভিডিপি/প্রশাসন/৮১৪২(০২)/৭৯৪, তারিখঃ ১৪/০৫/২০০৭ খ্রি. মূলে গঠিত পর্ষদ কর্তৃক নির্বাচিত এবং উক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে স্মারক নং-আনসার-ভিডিপি/প্রশাসন/৮১৪২ (০২)/১৬০৫, তারিখঃ ১৬/০১/২০০৮ খ্রি. মূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরিত ১২০ (একশত বিশ) জনের তালিকাসহ সর্বমোট ৮১৬ (আটশত ষোল) জনের মধ্য থেকে সম্মাননা প্রাপ্তদের নির্বাচন করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৬.১৩২.২৪. ২৭২

তারিখ : ২৮/১০/১৪৩০ বঙ্গাব্দ।
০১/০২/২০২৪ খ্রিষ্টাব্দ।

**বিষয়:** **ভাষা শহিদ আব্দুল জব্বার, ঐতিহাসিক মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধাগণ, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং অন্যান্য আনসার বীর মুক্তিযোদ্ধা/তাঁদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান নীতিমালা-২০২৪।**

**সূত্র:** বাংলাদেশ আনসর ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৬.০৫৩.১৩-১৩, তারিখঃ ০৬/০১/২০১৪ খ্রি.।

১। **ভূমিকাঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জাতীয় সমাবেশে উপহার নীতিমালা-ভাষা শহিদ আব্দুল জব্বার, মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং অন্যান্য আনসার বীর মুক্তিযোদ্ধা/তাঁদের পরিবারকে সম্বর্ধনা প্রদানের নীতিমালা সূত্রপত্র মূলে জারি করা হয়েছে যা যুগোপযোগী করা প্রয়োজন।

২। **উদ্দেশ্যঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জাতীয় সমাবেশে ভাষা শহিদ আব্দুল জব্বার, ঐতিহাসিক মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধাগণ, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং আনসার বাহিনীর অন্যান্য বীর মুক্তিযোদ্ধা অথবা তাঁদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান সংক্রান্ত নীতিমালা যুগোপযোগীকরণ।

৩। **শিরোনামঃ** এই নীতিমালা 'ভাষা শহিদ আব্দুল জব্বার, ঐতিহাসিক মুজিব নগরে গার্ড অব অনার প্রদানকারী আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধাগণ, খেতাবপ্রাপ্ত আনসার বীর মুক্তিযোদ্ধা এবং আনসার বাহিনীর অন্যান্য বীর মুক্তিযোদ্ধা অথবা তাঁদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান নীতিমালা-২০২৪' নামে অভিহিত হবে।

৪। **সম্মাননা প্রাপ্তির প্রাধিকারঃ**

ক। জাতীয় সমাবেশের দিন ভাষা শহিদ আব্দুল জব্বার এর পরিবারঃ ভাষা শহিদ আব্দুল জব্বারের একমাত্র সন্তান সম্মাননা গ্রহণ করবেন। সন্তান উপস্থিত হতে অসমর্থ হলে তাঁর পক্ষে আগত প্রতিনিধি সম্মাননা গ্রহণ করতে পারবেন।

খ। আনসার বাহিনীর বীর মুক্তিযোদ্ধা সদস্যগণের মধ্যে ১৯৭১ সালের ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকারকে গার্ড অব অনার প্রদানকারী ১২ জন বীর মুক্তিযোদ্ধাঃ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা মৃত হলে বা আসতে অসমর্থ হলে তাঁর পক্ষে আগত প্রতিনিধি সম্মাননা গ্রহণ করতে পারবেন।

গ। মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য আনসার বাহিনীর খেতাবপ্রাপ্ত ০৩ জন বীর মুক্তিযোদ্ধাঃ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা মৃত হলে বা আসতে অসমর্থ হলে তাঁর পক্ষে আগত প্রতিনিধি সম্মাননা গ্রহণ করতে পারবেন।

ঘ। মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী আনসার বাহিনীর অন্যান্য বীর মুক্তিযোদ্ধাগণঃ বিভিন্ন রেঞ্জের তালিকাভুক্ত আনসার বীর মুক্তিযোদ্ধাগণের সংখ্যার উপর ভিত্তি করে নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রতি বছর সম্মাননা প্রদান করা হবে। সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা মৃত হলে বা আসতে অসমর্থ হলে তাঁর পক্ষে আগত প্রতিনিধি সম্মাননা গ্রহণ করতে পারবেন।

| ক্রমিক নং | রেঞ্জের নাম | আনসার বীর মুক্তিযোদ্ধা/পরিবার | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | |
| ২। | চট্টগ্রাম | ১ | |
| ৩। | রাজশাহী | ৫ | |
| ৪। | রংপুর | ৬ | |
| ৫। | খুলনা | ৭ | |
| ৬। | বরিশাল | ৩ | |
| ৭। | সিলেট | ২ | |
| ৮। | ময়মনসিংহ | ৩ | |
| ৯। | কুমিল্লা | ৬ | |
| | মোট | ৪০ জন | |

৫। **সম্মাননা গ্রহণকারী ব্যক্তি নির্বাচনঃ**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-মুবিম/প্রঃ৩/মুক্তিযোদ্ধা/গেজেট/২০০৩/৪৭৯ এ তালিকাভুক্ত ৬৯৬ (ছয়শত ছিয়ানব্বই) জন এবং বাংলাদেশ আনসার ও ভিডিপি সদর দপ্তর এর স্মারক নং আনসার-ভিডিপি/প্রশাসন/৮১৪২(০২)/৭৯৪, তারিখঃ ১৪/০৫/২০০৭ খ্রি. মূলে গঠিত পর্ষদ কর্তৃক নির্বাচিত এবং উক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে স্মারক নং-আনসার-ভিডিপি/প্রশাসন/৮১৪২ (০২)/১৬০৫, তারিখঃ ১৬/০১/২০০৮ খ্রি. মূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরিত ১২০ (একশত বিশ) জনের তালিকাসহ সর্বমোট ৮১৬ (আটশত ষোল) জনের মধ্য থেকে সম্মাননা প্রাপ্তদের নির্বাচন করা হবে।

এছাড়া বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, রেকর্ড শাখার নং-৪৪.০৩.০০০০.০১৩ .০৩.৫৩.০০২ .১৪-৫২৯, তারিখঃ ২৭/০৪/২০১৭ খ্রি. মূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পরবর্তীতে প্রেরিত বীর মুক্তিযোদ্ধাদের তালিকা, বাহিনীতে বর্তমানে কর্মরত ও অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা যাদের নাম মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত হয়েছে তাদের মধ্যে হতে নির্বাচন করা হবে।

(খ) যে সকল বীর মুক্তিযোদ্ধা/তাঁদের পরিবারবর্গকে অদ্যাবধি জাতীয় সমাবেশে আমন্ত্রণ জানানো হয়নি, অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ 'ঘ' এ উল্লিখিত সংখ্যানুযায়ী প্রশাসন শাখা হতে প্রতি বছর জাতীয় সমাবেশে সে সকল বীর মুক্তিযোদ্ধা/তাঁদের পরিবারের সদস্যবর্গকে আমন্ত্রণ জানানোর ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

(গ) মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মহোদয় অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ 'ঘ' এ বর্ণিত সংখ্যা এবং বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদানের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

৬। **সম্মাননা প্রদানের স্থান ও সময়ঃ**

ক। অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ ক, খ, গ এবং ঘ অনুযায়ী ভাষা শহিদ/বীর মুক্তিযোদ্ধাদের বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিতে সম্মাননা প্রদান করা হবে।

খ। সমাবেশের পরের দিন মহাপরিচালক মহোদয়ের বার্ষিক দরবারে উক্ত সম্মাননা প্রদান করা হবে। তবে কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্থান ও সময় পরিবর্তন হতে পারে।

৭। **আবাসন, যাতায়াত ইত্যাদিঃ**

ক। সম্মাননা গ্রহণকারী সমাবেশের দুই দিন পূর্বে একাডেমিতে উপস্থিত হবেন।

খ। সম্মাননা গ্রহণকারী ব্যক্তির একাডেমিতে অবস্থানকালীন সময়ের জন্য একাডেমি কর্তৃক আহার ও আবাসনের ব্যবস্থা করা হবে।

গ। সম্মাননা গ্রহণকারী ব্যক্তির যাতায়াত ভাড়া বাহিনীর নিজস্ব তহবিল হতে একাডেমির মাধ্যমে পরিশোধ করা হবে।

৮। **সম্মাননার বিবরণঃ** মনোনীত প্রত্যেক ব্যক্তিকে নগদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদান করা হবে। তবে মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মহোদয় সম্মাননার পরিমাণ হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

৯। **তহবিলঃ** রাজস্ব খাতে এ সংক্রান্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অথবা ''মহাপরিচালক আনসার ও ভিডিপি তহবিল'' হতে উক্ত ব্যয়ভার বহন করা হবে।

১০। **আমন্ত্রণঃ** অনুচ্ছেদ ৪ এ বর্ণিত প্রাধিকৃত ব্যক্তিবর্গের নাম সকল উপমহাপরিচালক (রেঞ্জ) ও পরিচালক, কুমিল্লা রেঞ্জ এর নিকট প্রেরণ করা হবে। উপমহাপরিচালক (রেঞ্জ) ও পরিচালক, কুমিল্লা রেঞ্জ এর নিকট হতে যথাযথ প্রত্যয়ন পত্র সংগ্রহপূর্বক মনোনীত ব্যক্তিবর্গ/উত্তরাধিকারীগণ সমাবেশে অংশগ্রহণ করবেন। সম্মাননার জন্য মনোনীত ব্যক্তিবর্গ কর্তৃক উপহার গ্রহণ এবং কুচকাওয়াজ উপভোগের নিমিত্তে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য প্রশাসন শাখা কর্তৃক সংশ্লিষ্ট সকলের নিকট পত্র/আমন্ত্রণ পত্র প্রেরণ করা হবে।

১১। **উপসংহারঃ** ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারীদের বীরত্বপূর্ণ অবদানকে শ্রদ্ধাভরে স্মরণ এবং তাঁদের অবদানের প্রতি সম্মান প্রর্দশনের জন্য এই নীতিমালা কার্যকর হবে। এই নীতিমালাটি প্রয়োজনে মহাপরিচালক মহোদয়ের সম্মতিক্রমে সংশোধন, সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করা যাবে।

১২। ইতঃপূর্বে প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৬.০৫৩.১৩-১৩, তারিখঃ ০৬/০১/২০১৪ খ্রি. মূলে জারিকৃত নীতিমালা এবং প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৬.০৫৩.১৩-১৮২৪, তারিখঃ ২৮/১১/২০১৬ খ্রি. মূলে জারিকৃত অফিস আদেশটি এতদ্দারা বাতিল করা হলো।

১৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নীতিমালা জারি করা হলো।

Jahanara Akter
২-২-২৪

জাহানারা আক্তার, বিএএমএস (বার)
বিএভি-১২০০৭৯
পরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৪৯২৫
ওয়েবমেইল: dir_admin@ansarvdp.gov.bd